দৈনিক ইত্তেফাক

তারিখ ... 06 AUG 2015 ...
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ৫ ......

# কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা ৫-৮ নভেম্বর

■ ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা

কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা ৫-৮ নভেম্বর। বুধবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোহীত উল আলম এর সভাপতিত্বে উপাচার্য অফিস কক্ষে সভায় এ সিদ্ধান্ত হয়।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ কর্মকর্তা এসএম হাফিজুর রহমান জানান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের সমন্বয়ের মাধ্যমে ২০১৫-১৬ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষা আগামী ৫, ৬, ৭ ও ৮ নভেম্বর বৃহস্পতিবার হতে রবিবার পর্যন্ত নির্ধারণ করা হয়। ভর্তি পরীক্ষার অন্য তথ্য পরবর্তীতে বিভিন্ন পত্রিকা ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.jkkniu.edu.bd)- এ দেয়া হবে।